

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৫৪৬

আগরতলা, ১৪ মার্চ, ২০১৯

ই ভি এম : সংবাদমাধ্যমের প্রতিনিধিদের
নিষেধ কর্মশালা অনুষ্ঠিত

আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে আজ বিভিন্ন মুদ্রণ ও বৈদ্যুতিন সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের নিয়ে ই ভি এম এবং ভি ভি প্যাট-এর কার্যপদ্ধতি বিষয়ে একদিবসীয় নির্বাচনী সচেতনতা কর্মশালা অনুষ্ঠিত হয়। নির্বাচন দপ্তরের উদ্যোগে প্রজ্ঞাভবনের ৩নং হলে কর্মশালাটি অনুষ্ঠিত হয়। কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিক শ্রীরাম তরনীকান্তি বলেন, নির্বাচন দপ্তর সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে লোকসভা নির্বাচন সম্পন্ন করার লক্ষ্যে কাজ করে চলছে। নির্বাচনী প্রক্রিয়ায় সংবাদ মাধ্যমের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাই নির্বাচনী প্রক্রিয়ার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় সম্পর্কে সংবাদ মাধ্যমকে আগাম ধারণা দেওয়ার জন্যই এই কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালায় আজ ই ভি এম এবং ভি ভি প্যাট মেশিনের কার্যপদ্ধতি উপস্থিত সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সামনে তুলে ধরা হয়। এছাড়াও এই কর্মশালায় নির্বাচন সংশ্লিষ্ট এক্সপেনডিচার মনিটোরিং এবং মডেল কোড অফ কন্ডাক্ট নিয়েও বিস্তৃত আলোচনা করা হয়।

কর্মশালাতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশেষ মুখ্য নির্বাচনী আধিকারিক প্রমথ রঞ্জন ভট্টাচার্য, সহ-নির্বাচনী আধিকারিক রজত চৌধুরী, অ্যাকাউন্টস অফিসার এস এম মির্ধা প্রমুখ।
